# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

## উপজেলা সমবায় কার্যালয়,
## চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ

# চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার বার্ষিক প্রতিবেদন প্রকাশ

# ২০২২-২০২৩

***উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য:***

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ জেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ৩৯ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ১১২৭ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২০-২০২১ সনে ২৮৮ টি এবং ২০২১-২০২২ সনে ৩২৪টি অডিট সম্পন্ন করা হয়েছে ,২০২২-২৩সনে ৩৪৬টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হবে। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। 'অত্র উপজেলায় আশ্রয়ন প্রকল্প, গাভীপালন প্রকল্প', 'ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক প্রকল্প' এবং সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প চালু রয়েছে। যার মধ্যে উন্নতজাতের গাভীপালন প্রকল্পে ৩০/০৬/২০২৩ ইং তারিখ পর্যন্ত ১০০জন সমবায়ী উদ্যোক্তাকে ৩৯৫০০০০০/= টাকা ঋণ বিতরণ ও ২৫৫৩৬৩২৮/= টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার- ৯৩%। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৫৩৭৯ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বির্নিমানে পদক্ষেপ গ্রহন 'এসডিজি' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ উপজেলায় সমবায় বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ১০৭ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বীকরা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ৫৪৭৪৬০০/= টাকা (ক্রমপুঞ্জিভূত) ঋণ বিতরণ ও ৫২৭৪০০০/= টাকা (ক্রমপুঞ্জিভূত) ঋণ আদায় করা হয়েছে।

## *সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ*

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ৩৫৯টি (আগস্ট/২৩) । নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## *ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিরেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবংট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য।সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

০১। উপজেলা সমবায় অফিস,চাঁপাইনবাবগঞ্জ সদর ,চাঁপাইনবাবগঞ্জ জনবল সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃ নং | পদের নাম | মোট মঞ্জুরীকৃত পদের সংখ্যা | মোট কর্মরত পদের সংখ্যা | মোট শূন্য পদের সংখ্যা | যে কার্যালয়ে পদ শূন্য রহিয়াছে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | উপজেলা সমবায় অফিসার | ০১ | ০১ | -- | --- | --- |
| ০২ | সহকারী পরিদর্শক | ০২ | ০২ | -- | --- | --- |
| ০৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ০১ | ০১ | -- | --- | --- |
| ০৪ | অফিস সহায়ক | ০১ | ০১ | -- | --- | --- |
| | **উপজেলার মোট** | **০৫** | **০৫** | --- | --- | --- |
| | প্রকল্প পর্যায়ে (গাভীপালন প্রকল্প) | | | | | |
| ১ | এল এফ এ আই | ০১ | ০১ | -- | - | - |
| ২ | ফ্যাসিলিটেটর | ০১ | ০১ | -- | | |
| | **গাভীপালন প্রকল্প মোট** | ০২ | ০২ | -- | | |
| | **সর্বমোট=** | ০৭ | ০৭ | -- | | |

০২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্যঃ

ক)কেন্দ্রীয় সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | কেন্দ্রীয় সাধারন | ৩ |
| ২. | কেন্দ্রীয় বিআরডিবি | ০২ |
| | মোট | ০৫ |

খ)প্রাথমিক সমবায় সমিতিঃ

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | প্রাথমিক সাধারন | ৩৫৯ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ২৪৩ |
| | মোট | ৬০২ |

০৩। ২০২০-২০২১ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ০৫ | ০৫ | ০ |
| প্রাথমিক সমিতি | ২৮৮ | ২৮৮ | ০ |
| মোট | ২৯৩ | ২৯৩ | ০ |

০৪। ২০২১-২০২২ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্যঃ

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কেন্দ্রীয় সমিতি | ০৫ | ০৫ | ০ |
| প্রাথমিক সমিতি | ৩২৪ | ৩২৪ | ০ |
| মোট | ৩২৯ | ৩২৯ | ০ |

০৫। কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| কেন্দ্রীয় সাধারন | ১১৯ |
| কেন্দ্রীয় বিআরডিবি | ২৪৩ |
| মোট | ৩৬২ |

০৬। প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যাঃ

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৬৫৬১ |
| প্রাথমিক সাধারন সমিতি | ২৯৪৪৭ |
| মোট | ৩৬০০৮ |

০৭। ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃনং | জেলারনাম | এ বছরের লক্ষ্যমাত্রা | সেপ্টেম্বর/২০২৩ মাস পর্যন্ত সমাপ্তকোর্সেরসংখ্যা | মোটকোর্সেরসংখ্যা | প্রশিক্ষণেরঅংশগ্রহণকারীসদস্যেরসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | চাঁপাইনবাবগঞ্জ | ১০০ | ০১ | ০৪ | ২৫ | |


০৮। আইজিএ  প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| প্রশিক্ষনের ধরণ | প্রশিক্ষনার্থীর ধরণ | কোর্স সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইজিএ | সমবায়ী | ০৯ | ০৯ | ০৮ | ১৭ | |

০৯। সমবায় অধিদপ্তরকর্তৃক বাস্তবায়াধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের  জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প:-

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের ঋণ বিতরন | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের আসল আদায় | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার % | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| গাভীপ্রকল্প | ৩৯৫০০০০০/= | ৫২৭৪০০০/= | ২০০ | ৯৩% | ০ | ০ |

বার্ষিক কার্যক্রমের স্থির  স্থির চিত্রঃ




২০২৩-২০২৪ সনের এপিএ চুক্তি

উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক আয়োজিত বিভিন্ন কার্যক্রমের স্থির চিত্র



জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক প্রশিক্ষণের স্থির চিত্র







বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন
জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীদের
সুশাসন সংক্রান্ত
প্রশিক্ষণ
স্থান: জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
আয়োজনে: জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।


বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
"সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক"
প্রশিক্ষণ
আয়োজনে ঃ জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
AKHTARUL


বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
“কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা
এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক”
প্রশিক্ষণ
আয়োজনে ঃ জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।


বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক অংশের আলোকে
ই-গভর্ন্যান্স, উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত
প্রশিক্ষণ
আয়োজনে: জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
AKHTARUL

# কর্মকর্তাবৃন্দ

অনুসন্ধান করুন

| # | ছবি | শিরোনাম | পদবি | অফিস শাখা | ই-মেইল | মোবাইল নং | ফোন (অফিস) | ব্যাচ (বিসিএস) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ |  | মোঃ শফিকুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | | uco.chapaisadar@yahoo.com | ০১৭১৬৯২৪৮৪০ | ০২৫৮৮৮৯৩০৪২ | ০ |

| # | ছবি | শিরোনাম | পদবি | ই-মেইল | মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ১ |  | মোঃ মনোয়ার হোসেন | সহকারী পরিদর্শক | monowarhossain330@gmail.com | ০১৭১৩৭৬৭৯৫৯ |
| ২ |  | মোঃ রিয়াদ ফয়সল | সহকারী পরিদর্শক | riyadh6611@yahoo.com | ০১৭১৬০৩১১৪৯ |
| ৩ |  | মোঃ নাসিরুল ইসলাম | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | mdnasa050@gmail.com | ০১৭৭২৯৬৯০৯৪ |
| ৪ |  | মোঃ রেজাউল করিম | অফিস সহায়ক | | ০১৭৬৩০১৬৪০৬ |

## এক নজরে উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ এর ২০২২-২৩ অর্থ বছরের এপিএ টপশীটঃ

| | কর্মসম্পাদন সূচক | একক | গণনা পদ্ধতি | বার্ষিকল ক্ষ্যমাত্রা | অর্জন (২০২২-২০২৩) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম ত্রৈমাসিকে অর্জন | ২য় ত্রৈমাসিকে অর্জন | ৩য় ত্রৈমাসিকে অর্জন | ৪র্থ ত্রৈমাসিকে অর্জন | প্রকৃত অর্জন | শতকরা হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ | | ৮ | ৯ |
| ১. | [১.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ৪.৮.২২ | ০১.০৭.২২ | - | - | - | ০১.০৭.২২ | ১০০ % |
| ২. | [১.১.২] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ৪.৮.২২ | ৩১.০৭.২২ | - | - | - | ৩১.০৭.২২ | ১০০ % |
| ৩. | [১.১.৩] মডেল সমবায় সমিতি সৃজন | সংখ্যা | সমষ্টি | ০২ | ০ | ০১ | - | - | ০২ | ১০০ % |
| ৪. | [১.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত | তারিখ | তারিখ | ৪.৮.২২ | ৪.৮.২২ | - | - | - | ৪.৭.২২ | ১০০ % |
| ৫. | [১.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদনের হার | % | সমষ্টি | (৩২৪)১০০ % | ১০৪ (৩২%) | ৯৮(৩০ %) | ১২২(৩৮%) | - | ৩২৪ (১০০%) | ১০০ % |
| ৬. | [১.২.২] সমবায় সমিতি পরিদর্শন সম্পাদিত | সংখ্যা | সমষ্টি | ৬৫ | ১৭ | ১৬ | ১৫ | ১৭ | ৬৫ | ১০০ % |
| ৭. | [১.২.৩] ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | % | সমষ্টি | (৮০) ১০০% | ২৬ | ১৫ | ২৭ | ১২ | ৮০ | ১০০ % |
| ৮. | [১.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরনী প্রাপ্তি নিশ্চিতকৃত | সংখ্যা | সমষ্টি | (১৬২) ১০০% | ৮১ (৫০%) | ৪০(২৫ %) | ৪১(২৫%) | - | ১৬২ (১০০%) | ১০০ % |
| ৯. | [১.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত/ব্যর্থতায় ব্যবস্থা গ্রহন | % | সমষ্টি | (২৯২) ৯০% | ৫০ | ৯৬ | ৮০ | ৬৬ | ২৯২ | ১০০ % |
| ১০. | [১.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহণ | % | সমষ্টি | (০০) | ০ | - | - | - | ০ | ০০ % |
| ১১. | [১.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | % | সমষ্টি | (২৭৫) ১০০% | ৪০ | ৭০ | ১০৫ | ৬০ | ২৭৫ | ১০০ % |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২. | [১.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | % | সমষ্টি | ১০০% | ১৯০৪০ | ৬৭৯৭০ | ৪৮৭৫০ | ৬৯১০০ (৫০টি প্রা.সা)পউবো(ইউসিসিএলিঃ)- ১০৪২০/- চাঁ.কে.সম. ব্যাংক- ২৫৩০/- | ২০৪৮৬০ (১৩১টি প্রা.সা) পউবো(ইউসিসিএলিঃ)- ১০৪২০/- চাঁ.কে.সম. ব্যাংক- ২৫৩০/- | ১০০ % |
| ১৩. | [১.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | % | সমষ্টি | ১০০% | ৫৬৯৬ | ১৫৬৮৬ ৭ | ৪২৫৩১ | ২৯৪৩৫ (৫০টি প্রা.সা)পউবো (ইউসিসিএলিঃ)- ৩১২৬/- চাঁ.কে.সম. ব্যাংক- ৭৫৮/- | ২৩৪৫২৯(১৩১টি প্রা.সা) পউবো(ইউসিসিএলিঃ)- ৩১২৬/- চাঁ.কে.সম. ব্যাংক- ৭৫৮/- | ১০০ % |
| ১৪. | [২.১.১] নিবন্ধন প্রদানকৃত নিবন্ধন আবেদন নিষ্পত্তির হার | % | ক্রমপুঞ্জিভূত | ১০০% | ০ | ০২ | ০১ | ০৫ | ০৮ | ১০০ % |
| ১৫. | [২.১.২] প্রাক-নিবন্ধন প্রশিক্ষনের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষনার্থীর সংখ্যা | জন (লক্ষ) | সমষ্টি | ০.০০০৮০ | ০ | ৬০ জন | ২৭ জন | ১৩১ জন | ২১৮ জন | ৩৬ ৬% |
| ১৬. | [২.২.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | জন (লক্ষ) | সমষ্টি | ০.০০০৬৫ | ০.০০০১ ৮ | ০.০০০ ২২ | ০.০০০১৫ | ০.০০০১০ | ০.০০০৬৫ | ১০০ % |
| ১৭. | [২.২.২] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | জন (লক্ষ) | সমষ্টি | ০.০০০৮০ | ০.০০০২ ০ | ০.০০০ ৩০ | ০.০০০১৫ | ০.০০০১৫ | ০.০০০৮০ | ১০০ % |
| ১৮. | [৩.১.১] ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | জন | সমষ্টি | পুরুষ- ৮০ মহিলা-২০ | ২৫ জন মহিলা | - | মহিলা- ১২পুরুষ-১৩ | --- | মহিলা-৩৭ পুরুষ-১৩ | ৫০ % |
| ১৯. | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | % | সমষ্টি | ১০০% | ০২ জন | ০৭ জন | ০৬ জন | ০২ জন | ১৭ জন | ১০০ % |
| ২০. | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | সংখ্যা | সমষ্টি | ১০ | ৭ | - | - | -- | ৭ | ৭০ % |

# উপজেলা সমবায় কার্যালয়,চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ এর

## "একটি সফল সমবায় সমিতি- "অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ" এর সাফল্যগাথা



অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর পক্ষে ২০১৪ইং সনে জাতীয় সমবায় পুরস্কার করেন তৎকালীন সম্পাদক

সমবায় শক্তি, সমবায়ই মুক্তি এই স্লোগানকে সামনে রেখে দারিদ্র বিমোচন ও কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৬ সালে অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর আত্মপ্রকাশ ঘটে। অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিটি চাঁপাইনবাবগঞ্জ সদরের গণকা গ্রামে অবস্থিত। সমিতিটির নিবন্ধন নং- ০১, তারিখ- ০৯/০৫/১৯৯৬ ইং, সংশোধিত নিবন্ধন নং-০২, তারিখঃ- ০১/০৭/২০১৩ইং। চাঁপাই নবাবগঞ্জ সদর উপজেলাধীন অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ চাঁপাইনবাবগঞ্জের কৃষি ক্যাটাগরীতে ২০১৪ইং সনে জাতীয় সমবায় পুরস্কারে ভূষিত হয়েছিল।

সমিতির প্রতিষ্ঠা কালিন সদস্য ছিল ৪০ জন। কালের বিবর্তনে আজ তা ২২৫৩ জনে এসে ঠেকেছে। সমিতির সদস্যরা অত্যান্ত সচেতন। তারা নিয়মিত শেয়ার সঞ্চয় জমার পাশাপাশি সমিতির উন্নয়নের জন্য সবসময় সচেষ্ট। সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সঙ্গে কথা বলে জানা যায় সমিতির সভ্য নির্বাচনী এলাকার আঠারো বছরের উপরে সকলকে এই সমিতির অর্ন্তভূক্ত উদ্দ্যোগ নিয়েছে।



বার্ষিক সাধারন সভার একাংশের স্থির চিত্র




সমিতিটির ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ

সমিতির নিজস্ব মুলধন ৫৯৩৭৫৩৯৯/= টাকা, সঞ্চয় আমানত ৫১২৩২১২৮/= টাকা আদায় করা হয়েছে। গ্রহন,শেয়ার বিক্রয় করে পুঁজি গঠন এবং উক্ত পুঁজি সদস্যদের আয়বর্ধক কর্মসূচীতে বিনিয়োগ ও সেচ প্রকল্প গ্রহন সদস্যদের আবাদযোগ্য জমিতে পাকা নালা ও কাঁচা নালার মাধ্যমে সেচ দিয়ে ফসল উৎপাদনের মাধ্যমে আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করাই সমিতির প্রধান লক্ষ্য।

সমিতির বিগত বছরগুলোতে উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে সমিতির আর্থ সামাজিক উন্নয়ন সাধনের জন্য সেচ প্রকল্পের আওতাভূক্ত চাষীদের সেচের মাধ্যমে দারিদ্র বিমোচন একটি বড় সাফল্য। সমিতিটির মাধ্যমে সর্বমোট ৫৩৫ হেক্টর জমিতে সেচ চাষ করে থাকে। সদস্য প্রায় ৪০০ জন সদস্যদের ক্ষদ্র ঋণ গ্রহনের মাধ্যমে স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। সমিতিতে ২২জন কর্মচারী রয়েছে।



সদস্যদের হাতে ক্ষুদ্র ঋণ তুলে দিচ্ছেন সমিতির সভাপতি



মহানন্দা নদী হতে এই সেচ যন্ত্রের সাহায্যে পানি তোলা হয়

অগ্রণী সেচ প্রকল্প পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর কর্ম এলাকা কৃষি প্রধান এলাকা। সেচ প্রকল্প গ্রহন সদস্যদের আবাদযোগ্য জমিতে পাকা নালা ও কাঁচা নালার মাধ্যমে সেচ দিয়ে ফসল উৎপাদন করলে দরিদ্র মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। সেই উদ্দেশ্যকে সামনে রেখে সমিতিটি সামনে এগিয়ে চলেছে।




সেচ যন্ত্রটি পরিচালনার করছেন সমিতিটির একজন দক্ষ কর্মচারী




সমিতির কৃষক সদস্যগন মাঠে কাজ করছেন

সমিতিটি নিয়মিত অডিট ফি ও সিডিএফ প্রদান করে থাকে। সমিতির প্রতিবছর মুনাফার অংশ হিসেবে লভ্যাংশ প্রদান করে থাকে। সমিতির নামে ০৫টি ব্যাংক হিসাব খোলা রয়েছে। যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয়।



বিগত করোনা মহমারীতে দরিদ্র অসহায় সদস্যদের মাঝে ত্রান তুলে দিচ্ছেন সমিতির সভাপতি জনাব মোঃ আবুল কালাম শামসুদ্দিন



দরিদ্র সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের বিনামূল্যে বই ও শিক্ষা সামগ্রী বিতরন করছেন সমিতির সভাপতি জনাব মোঃ আবুল কালাম শামসুদ্দিন

সমিতিতে এই বিশ্ব মহামারী করোনাকালে ৩৫০ জন অস্বচ্ছল ও দ্ররিদ্র সদস্যদের মাঝে গত ২৪/০৪/২০২০খ্রিঃ তারিখে ১,২০,৪০০/-টাকা মূল্যের চাল,ডাল,আলু ও সাবান বিতরন করেছে। দরিদ্র সদস্যদের মেধাবী ছেলে-মেয়েদের বিনামূল্যে বই ও শিক্ষা সামগ্রী বিতরন করা হয়েছে ।

পরিশেষে সকল সমবায়ী প্রতিনিধি,বিভিন্ন পেশাজীবী যে কোন সংস্থা/সংগঠনকে সমিতিটিতে পরিদর্শন করে সুচিন্তিত মতামত ও সু পরামর্শ কামনা করার জন্য অনুরোধ করা হলো।

----মোঃ রিয়াদ ফয়সল ,সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,চাঁপাইনবাবগঞ্জ সদর,চাঁপাইনবাবগঞ্জ।